

লেখনী? আইস, নাথ, এ মিনতি পদে।
 লিখিনু লেখন বসি একাকিনী বনে,
 কাঁপি ভয়ে—কাঁদি খেদে—মরিয়া শরমে!
 লয়ে ফুলবৃন্ত, কাণ্ড, নয়ন-কাজলে
 লিখিনু! ক্ষমিও দোষ, দয়াসিদ্ধু তুমি!
 আইলে দাসীর পাশে, বুবিব ক্ষমিলে
 দোষ তার, তারানাথ! কি আর কহিব?
 জীবন মরণ মম, আজি তব হাতে!

অথবা, (খ) বেণীমাধব, বেণীমাধব, তোমার বাড়ি যাবো
 বেণীমাধব, তুমি কি আর আমার কথা ভাবো
 বেণীমাধব, মোহনবাঁশি তমাল তরুগুলো
 বাজিয়েছিলে, আমি তখন মালতী ইস্কুলে
 ডেস্কে বসে অঙ্ক করি, ছোট্ট ক্লাসঘর
 বাইরে দিদিমণির পাশে দিদিমণির বর
 আমি তখন নবম শ্রেণী, আমি তখন শাড়ি
 আলাপ হলো, বেণীমাধব, সুলেখাদের বাড়ি
 বেণীমাধব, বেণীমাধব, লেখাপড়ায় ভালো
 শহর থেকে বেড়াতে এলে, আমার রঙ কালো
 তোমায় দেখে এক দৌড়ে পালিয়ে গেছি ঘরে
 বেণীমাধব, আমার বাবা দোকানে কাজ করে
 কুঞ্জে অলি গুঞ্জে তবু, ফুটেছে মঞ্জুরী
 সন্ধেবেলা পড়তে বসে অঙ্ক ভুল করি
 আমি তখন নবম শ্রেণী, আমি তখন ষোলো
 ব্রীজের ধারে, বেণীমাধব, লুকিয়ে দেখা হলো।

ষষ্ঠ পত্র — ২০১৩

বাংলা—সাম্মানিক

পূর্ণমান—১০০

১। (ক) ‘পুতুল নাচের ইতিকথা’ উপন্যাস অবলম্বনে মতি-কুমুদ আখ্যানের
 প্রাসঙ্গিকতা বিচার করো। ১৪

অথবা (খ) ‘পুতুল নাচের ইতিকথা’য় বহু মানুষের মধ্যে বেঁচেও শশী নিঃসঙ্গ,
 একক। তার এই একাকীত্ব ও নিঃসঙ্গতার স্বরূপ বিশ্লেষণ করো। ১৪

২। (ক) 'অরণ্যের অধিকার' উপন্যাসের ভূমিকায় স্বয়ং উপন্যাসিকই লিখেছেন, 'বিদ্রোহ থেকে জন্ম নেয় বিপ্লব'। পাঠ্য উপন্যাস অনুসারে এই উক্তি'র সার্থকতা বিশ্লেষণ করো। ১২

অথবা, (খ) 'অরণ্যের অধিকার' উপন্যাসে অমূল্য আব্রাহাম চরিত্রটির উপযোগিতা বিচার করো। ১২

৩। (ক) ছোটগল্প হিসেবে 'একরাত্রি' গল্পটির সার্থকতা বিচার করো। ১২

অথবা, (খ) 'ক্ষুধিত পাষণ' গল্পটির গঠন-কৌশল সম্পর্কে আলোচনা করো। ১২

৪। (ক) এক তরুণের ভালবাসা আর আত্মোৎসর্গ, ভুল করা আর জীবন দিয়ে তা সংশোধনের অপূর্ব কাহিনী হিসেবে 'মেঘমল্লার' ছোটগল্পটির সার্থকতা বিচার করো। ১৫

অথবা, (খ) ভারতবর্ষের জনমানস এবং রাজনৈতিক জগতের ধূর্ততার যে পরিচয় 'চরণদাস এম.এল.এ' গল্পে ফুটে উঠেছে, তা এককথায় অনবদ্য'—এ বিষয়ে তোমার অভিমত দাও। ১৫

৫। (ক) 'মতিলাল পাদ্রী' গল্পটি আসলে মানুষকে ভালবাসার গল্প, মনুষ্যত্বের গল্প—আলোচনা করো। ১৫

অথবা, (খ) 'আদাব' দাস্তার পটভূমিতে রচিত সাম্প্রদায়িক সম্প্রীতি ও মানবতাবোধের গল্প—'আদাব' গল্প অবলম্বনে বক্তব্যটি পরিস্ফুট করো। ১৫

৬। (ক) 'মানুষের অন্ধ ভক্তি ছাড়া বাঁচিয়া থাকিবার আর তো কোনো অবলম্বন তাহার নাই।'—উদ্দিষ্ট ব্যক্তিটি কে? তাঁর এমন অবস্থার কারণ কী? ১+৩

অথবা, 'এলে না কেন গো? ডুরে শাড়িটি পরে, চুলটি বেঁধে কনে বৌটি সেজে যে বসেছিলাম তোমার জন্যে'— কে কার প্রতীক্ষায় বসেছিল? এতে তার কোন্ মনোভাবের পরিচয় ব্যঞ্জিত? ১+১+২

(খ) 'দিকুতে সাহেবে মিলে মোরে বার বার অশুচ করে।'—কার অশুচি হওয়ার কথা বলা হয়েছে? তাঁর অশুচি হওয়ার কারণ কী? ১+৩

অথবা, 'উলগুলানের শেষ নাই! বীরসার মরণ নাই—'উলগুলান' শব্দের অর্থ কী? উক্তিটির তাৎপর্য সংক্ষেপে বুঝিয়ে দাও। ১+৩

(গ) 'মনে হইল, আড়াইশত বৎসরের কৃষ্ণবর্ণ যবনিকা ঠিক আমার সম্মুখে দুলিতেছে।'— কোন্ রচনার অন্তর্গত? উক্তিটির অন্তর্নিহিত তাৎপর্য সংক্ষেপে ব্যাখ্যা করো। ৪

অথবা, 'প্রকৃতি যেন তাহার ভাষার অভাব পূরণ করিয়া দেয়, যেন তাহার হইয়া' কথা কয়।'— কার কথা বলা হয়েছে? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৩

৭। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) 'এ বোটার পরমায়ু আছে।'— কে কাকে কথাটি বলেছে? বোটার পরমায়ু থাকার কারণ কী? ১+১+৩

(খ) 'শালাদের মুড়ো কেটে এনে ছড়িয়ে দাও আমার সামনে। আমি বসে বসে দেখি, দু'দিন দু'রাত ধরে দেখি।'— কে কাকে একথা বলেছে? উক্তিটির অন্তর্নিহিত বক্তব্য বিশ্লেষণ কর। ১+১+৩

(গ) 'তুমি আসবে বলেছিল, তাই আমি তোমার জন্যে সারা রাত জেগে আছি'।— কে কার জন্যে অপেক্ষা করছিল? পরিপ্রেক্ষিতটি বর্ণনা কর। ১+১+৩

(ঘ) 'বড় হয়ে আমি তোমায় নিয়ে যাবো দিদি!'— কার উক্তি? বক্তা দিদিকে কোথায় নিয়ে যেতে চায়? এখন সেখানে নিয়ে যেতে পারেনি কেন? ১+১+৩

৮। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) 'ভাষাহীন বেদনার নীরব আর্তনাদে বুঝি ছিঁড়ে পড়ছে কোমল আত্মা।'— তাৎপর্য বিশ্লেষণ কর। ৫

(খ) তোমাদের এই কলকাতা দিন দিন আধুনিক হচ্ছে, বর্বর হচ্ছে, সূক্ষ্মতার নামে দরকচা মেরে যাচ্ছে।'—কথাটি কে কাকে বলেছে? এই কথার তাৎপর্য কী? ১+১+৩

(গ) দেশের পুরো অতীতটা পচা—নির্মম সার্জারি না চালালে নতুন রক্ত সঞ্চালিত হয় না'— কার উক্তি? কোন্ প্রসঙ্গে? তাৎপর্য কী? ১+২+২

(ঘ) 'সার্কাসে দেখোনি? একটা সরু তারের ওপর দিয়ে ছাতা হাতে মেয়েরা কেমন সন্তর্পণে হেঁটে ওপার পৌঁছে যায়।'— কে, কাকে বলেছে? কথাটির মর্মার্থ ব্যাখ্যা করো। ১+১+৩

সপ্তম পত্র—২০১৩

বাংলা—সম্মানিক

পূর্ণমান-১০০

১।(ক) প্রবন্ধের শ্রেণিবিভাগের উল্লেখসহ ব্যক্তিনিষ্ঠ প্রবন্ধের পরিসরে লেখকের ব্যক্তিমন ও শিল্পীসত্তা কীভাবে অভিব্যক্তি লাভ করে উপযুক্ত উদাহরণসহ তা বুঝিয়ে দাও। ১৮

অথবা, (খ) যে-কোনো দুটি বিষয়ে আলোচনা করো : ৯+৯

(অ) ডায়েরি (আ) ভ্রমণ সাহিত্য (ই) পত্রসাহিত্য (ঈ) রম্যরচনা

২।(ক) 'একা—কে গায় ওই' রচনায় কমলাকান্ত কীভাবে জীবনে একাকিত্বের নৈরাশ্য থেকে সর্ব-মানবপ্রীতির চেতনায় এসে পৌঁছেছে তা বুঝিয়ে দাও। ১২